## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

মহিলা বিষয়ক অধিদপ্তর
কুমারখালী, কুষ্টিয়া।

এবং

### উপপরিচালক

মহিলা বিষয়ক অধিদপ্তর, কুষ্টিয়া।
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

**জুলাই ০১, ২০২০- জুন ৩০, ২০২১**

# সুচিপত্র


মন্ত্রণালয়/ বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র.............................................................৩

প্রস্তাবনা.............................................................................................................৪

সেকশন-১: মন্ত্রণালয়/ বিভাগের রূপকল্প(Vision), অভিলক্ষ্য(Mission), কৌশলগত উদ্দেশ্য সমূহ এবং কার্যাবলি ........................৫

সেকশন-২: মন্ত্রণালয়/ বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব(Outcome/Impact).........................................................৭

সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ..............৮

সংযোজনী-১: শব্দসংক্ষেপ (Acronyms).........................................................................১৫

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচক সমূহ, বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থা সমূহ এবং পরিমাপন পদ্ধতি...............১৬

সংযোজনী-৩: কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়/ বিভাগের উপর সুনির্দিষ্ট কর্মসম্পাদন চহিদাসমূহ........... ১৮

# উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কুমারখালী, কুষ্টিয়া এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Upzilla of Women Affairs Office, Kumarkhali, Kushtia)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহঃ

বিশ্বায়নের এ যুগে প্রগতিশীল সমাজ গড়ে তোলার লক্ষে নারীর অধিকার, ক্ষমতায়ন ও কর্মবান্ধব পরিবেশ সৃষ্টি অত্যাবশ্যক। মহিলা বিষয়ক অধিদপ্তর রাষ্ট্র ও সমাজের মূল স্রোতধারায় নারী উন্নয়ন ও অধিকার প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছে। গত ৩ বছরে ভিজিডি কার্যক্রমের মাধ্যমে ৫,৬৪১ জন দরিদ্র মহিলাদেরকে খাদ্য সহায়তা ১,৭০৫ জন নারীকে মাতৃত্বকালীন ভাতা প্রদান করা হয়েছে। ৩৬০ জন কর্মজীবী নারীকে ল্যাকটেটিং ভাতা প্রদান করা হয়েছে। ৬০ জন নারীকে আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ দেয়া হয়েছে। ১৪ জন নারীকে ১,৬৫,০০০/- টাকা ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়েছে। ১০২ জন মহিলাকে আইনি সহায়তা এবং ০৭ জন মা ও শিশুকে সহায়তা কেন্দ্রের আশ্রয় দেয়া হয়েছে। ''জয়িতা অন্বেষণে'' প্রতিযোগিতার মাধ্যমে প্রতিকূলতাকে অতিক্রম করে যে সমস্ত নারী সমাজের বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠা লাভ করেছেন তাদের মধ্যে থেকে প্রতি উপজেলায় ৫ টি ক্যাটাগরীতে ১৫ জন নারীকে ''জয়িতা'' নির্বাচন ও পুরস্কৃত করার মাধ্যমে নারীদেরকে সামনে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে উদ্বুদ্ধ করা হয়েছে। ১০ জন নারীকে উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার ব্যবস্থা করা হয়েছে। দরিদ্র মহিলাদের মধ্যে ১৫ টি সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। জাতীয় নারী উন্নয়ন নীতি- ২০১১ বাস্তবায়ন করে জাতীয় কর্মপরিকল্পনা -২০১৩ অনুযায়ী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বাল্য বিবাহ প্রতিরোধ ৫০ টি। ৭২টি উঠান বৈঠক করা হয়েছে। ৪ টি সংগঠন কে নিবন্ধন দেওয়া হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

নারীর প্রতি সমাজের নেতিবাচক মনোভাব, বাল্যবিবাহ, মাঠ পর্যায়ে অপ্রতুল জনবল, প্রয়োজনীয় যানবাহন ও অফিস সরঞ্জামের অভাব, প্রশিক্ষিত ও দক্ষ জনবলের অভাব, সকল ক্ষেত্রে প্রান্তিক নারীদের অংশগ্রহণ নিশ্চিত করতে না পারা, নারী ও শিশুর প্রতি সহিংসতা, সঠিক ক্ষেত্রে সঠিক সেবা প্রদানে সীমাবদ্ধতা, নারী উন্নয়নে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যক্রম এবং বেসরকারী সংস্থার সাথে সমন্বয়হীনতা দপ্তরের অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যত পরিকল্পনাঃ**

এ দপ্তরের ভবিষ্যত পরিকল্পনার মধ্যে রয়েছে, (১) তৃণমূল পর্যায়ের দুস্থ ও অসহায় নারীদেরকে সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় নিয়ে আসা (২) মহিলাদের জীবনমান উন্নয়নের জন্য কার্যক্রম গ্রহণ করা । (৩) জনবলকে প্রশিক্ষিত করার লক্ষে প্রশিক্ষণ দেওয়া (৪) জাতীয় নারী উন্নয়ন নীতিমালা-২০১১ আলোকে প্রণীত জাতীয় কর্মপরিকল্পনা-২০১৩ বাস্তবায়ন, (৫) বাল্য বিবাহ প্রতিরোধে পদক্ষেপ গ্রহণ (৬) সকল ক্ষেত্রে প্রান্তিক নারীদের অংশগ্রহণ নিশ্চিতকরণ (৭) নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ (৮) বৃত্তিমূলক ও কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে নারীদের স্বনির্ভর করা। (৯) কিশোর- কিশোরীদের সঠিক পরিচর্যার মাধ্যমে দক্ষ জন সম্পদে পরিণত করা (১০) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং সমিতির নেতৃবৃন্দের ক্যাপাসিটি বিল্ড আপ করা।

## ২০২০-২০২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ

- ২,১৪৭ জন নারীকে ভিজিডি সহায়তা প্রদান
- ১৭০০জন দরিদ্র ও গর্ভবতী মায়েদের মাতৃত্বকালীন ভাতা প্রদান
- শহরাঞ্চলে ৫৫০ জন কর্মজীবী মহিলাদের ল্যাকটেটিং ভাতা প্রদান
- নারীর ক্ষমতায়নে ৩০০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান
- ১০ জন নারীকে উদ্যোক্তা হিসেবে সৃষ্টি করা
- ১০ জন নারীকে ১ লক্ষ টাকা ঋণ প্রদান
- ৪০ জন নারীকে আইনি সহায়তা প্রদান এবং ১৫০ টি বাল্য বিবাহ প্রতিরোধ
- সমিতি রেজিস্ট্রেশন ২ টি
- মহিলাদের উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত করণ ১০ জন
- ‘‘জয়িতাঅন্বেষণে বাংলাদেশ’’ প্রতিযোগিতার মাধ্যমে প্রতিকুলতাকে অতিক্রম করে ০৫ জন নারীকে ‘‘জয়িতা’’ নির্বাচন ও পুরস্কৃত করে সামনে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে উদ্বুদ্ধকরণ।
- সেলাই মেশিন বিতরণ ০৫ টি।

## উপক্রমনিকা ( Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দায়িত্বে নিয়োজিত উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুষ্টিয়া।

এবং

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া এর মধ্যে

২০২০ সালের জুন মাসের .[illegible]. তারিখে এই বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন;

## সেকশন-১

### মন্ত্রণালয়/ বিভাগের রূপকল্প (Vision) , অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১: রূপকল্প (Vision) :**

জেন্ডার সমতা আনয়নে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন।

**১.২: অভিলক্ষ্য (Mission):**

নারীর অধিকার প্রতিষ্ঠা এবং সকল ক্ষেত্রে অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে ক্ষমতায়ন ও উন্নয়ন।

**১.৩: কৌশলগত উদ্দেশ্য সমূহ(Strategic Objectives)**

**১.৩.১ মহিলা বিষয়ক অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্য: (কুষ্টিয়া)**

১. নারীর সামাজিক নিরাপত্তা বেষ্টনী নিশ্চিতকরণ।
২. নারীর প্রতি সকল ধরণের সহিংসতা প্রতিরোধ ও নারীর অধিকার নিশ্চিতকরণ।
৩. নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন।
৪. কিশোর- কিশোরীদের বিকাশ সাধনের মাধ্যমে তাদের মধ্যে জেন্ডার সমতা আনায়নে ইতিবাচক মনোভাব সৃষ্টিকরণ।
৫.

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য:**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিতকরণ।
২. কার্য পদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
৪. কর্ম পরিবেশ উন্নয়ন।
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

**কার্যাবলি(Functions) :**

১. জাতীয় নারী উন্নয়ন নীতি বাস্তবায়ন
২. সকল ক্ষেত্রে নারীর অধিকার নিশ্চিতকরণ
৩. নারী নির্যাতন প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে নারীর প্রতি সহিংসতামূলক আচরণ প্রতিরোধকরণ।
৪. নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও ক্ষমতায়ন
৫. ভিজিডি কর্মসূচি বাস্তবায়ন
৬. দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি বাস্তাবায়ন
৭. ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি বাস্তবায়ন
৮. নারী অধিকার রক্ষায় সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ
৯. নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষে ক্ষুদ্রঋণ প্রদান
১০. কর্মজীবী মহিলাদের শিশুদের দিবাযত্ন সেবা প্রদান
১১. দুঃস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ
১২. কিশোর-কিশোরীদের সঠিক পরিচর্চার মাধ্যমে বিকাশ সাধন।
১৩. বিভিন্ন দিবস উদযাপন যেমন- আর্ন্তজাতিক নারী দিবস, বাল্য বিবাহ প্রতিরোধ, কন্যাশিশু দিবস, বেগম রোকেয়া দিবস ইত্যাদি।
১৪. বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে নারী উদ্যোক্তা তৈরী করণ।
১৫. স্বেচ্ছাসেবী মহিলা সংস্থাসমূহ নিবন্ধন ও নিয়ন্ত্রণ।

সেকশন-২

মহিলা বিষয়ক অধিদপ্তরের আউটকাম(outcome impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (outcome impact) | চূড়ান্ত ফলাফল সূচক (performance indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্ব প্রাপ্ত মন্ত্রনালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| উন্নয়নে নারীদের অংশগ্রহন বৃদ্ধি | জাতীয় সংসদে নারী আসন | % | ২০ | ২০ | ২০ | ২০ | ২০ | সকল মন্ত্রনালয় | সহস্রাব্দ লক্ষমাত্রা প্রতিবেদন,বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| | প্রশিক্ষিত নারী | সংখ্যা (লক্ষ) | ১২.৬০ | ১২.৭০ | ১৩.২০ | ১৩.৮০ | ১৪.২০ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়, অর্থ মন্ত্রনালয়, সমাজকল্যান মন্ত্রনালয়, প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রনালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রনালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়, যুব ও ক্রীড়া মন্ত্রনালয়। | বার্ষিক প্রতিবেদন |
| মা ও শিশু পুষ্টি এবংস্বাস্থ্য সুরক্ষা | ভিজিডি উপকারভোগী | সংখ্যা (লক্ষে) | ৭.০৫৪ | ৭.০৫৪ | ৭.০৫৪ | ৭.০৫৪ | ৭.০৫৪ | খাদ্য মন্ত্রনালয় ও স্থানীয় সরকার মন্ত্রনালয় | মহিলা বিষয়ক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | ল্যাকটেটিং ভাতা উপকারভোগী | সংখ্যা (লক্ষে) | ২.১ | ২.৪ | ২.৭ | ৩.০ | ৩.৩ | স্থানীয় সরকার মন্ত্রনালয় | মহিলা বিষয়ক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | মাতৃত্বকালীন ভাতা উপকারভোগী | সংখ্যা (লক্ষে) | ৭.০ | ৭.৭ | ৭.৭ | ৭.৭ | ৭.৭ | | |
| নির্যাতিত নারী ও শিশুদের চিকিৎসা,আশ্রয় ও আইনী সহায়তা | সুরক্ষিত নারী ও শিশু | সংখ্যা | ১১০০ | | ১১২০ | ১১২০ | ১১২০ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয়। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয় |

## সেকশন- 3

### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০২০-২১ (Target/ Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২১-২২ | প্রক্ষেপন (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১. নারীর সামাজিক নিরাপত্তা বেষ্টনী নিশ্চিতকরণ | ৪০ | [১.১]দুস্থ নারীদের খাদ্য সহায়তা (ভিজিডি) প্রদান | [১.১.১]ভিজিডি উপকারভোগী | সংখ্যা (হাজার) | ১৫ | ২১৪৭ | ২১৪৭ | ২১৪৭ | ১৯৩২ | ১৭১৮ | ১৫০৩ | ১২৮৯ | ২২৪৭ | ২৩৪৭ |
| | | [১.২] দরিদ্র ও গর্ভবতী মায়েদের মাতৃত্বকালীন ভাতা প্রদান | [১.২.১]মাতৃত্বকালীন ভাতা প্রাপ্ত উপকারভোগী | সংখ্যা (হাজার) | ১১ | ১৫৯৫ | ১৬৫০ | ১৮০০ | ১৬২০ | ১৪৪০ | ১২৬০ | ১০৮০ | ১৯০০ | ২০০০ |
| | | [১.৩] শহরাঞ্চলে কর্মজীবী মহিলাদের ল্যাকটেটিং ভাতা প্রদান | [১.৩.১] ল্যাকটেটিং ভাতা প্রাপ্ত উপকারভোগী | সংখ্যা | ১১ | ৩৬০ | ৪৫০ | ৬০০ | ৫৪০ | ৪৮০ | ৪২০ | ৩৬০ | ৭০০ | ৮০০ |
| | | [১.৪] দুস্থ মহিলা ও শিশু সহায়তা তহবিল | [১.৪.১] আর্থিক সহায়তা প্রাপ্ত উপকারভোগী | সংখ্যা | '৩ | ৩ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | ৮ | ১০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic Objective ) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicators ) | একক (Unit) হারে | কর্মসম্পাদন সূচকের মান (Weight of performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০২০-২১ (Target/ Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২১-২২ | প্রক্ষেপন (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ২.নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন | ২০ | {২.১}নারীর ক্ষমতায়নে প্রশিক্ষণ প্রদান | {২.১.১} প্রশিক্ষণার্থী | সংখ্যা | ১০ | ১৬০ | ২০০ | ৩০০ | ২৭০ | ২৪০ | ২১০ | ১৮০ | ৪০০ | ৫০০ |
| | | {২.২}মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ প্রদাব | {২.২.১}ক্ষুদ্র ঋণ প্রাপ্ত উপকারভোগী | সংখ্যা | ১০ | ০৭ | ০৭ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ২০ | ৪০ |
| ৩.নারীর প্রতি সকল ধরণের সহিংসতা প্রতিরোধ ও নারীর অধিকার নিশ্চিতকরণ | ১০ | {৩.১}নির্যাতিত নারী ও শিশুকে আশ্রয় ও কাউন্সিলিং প্রদান | {৩.১.১}আশ্রয়প্রাপ্ত উপকারভোগী | সংখ্যা | ৩ | ২০ | ২৫ | ৩০ | ২৭ | ২৪ | ২১ | ১৮ | ৩৫ | ৪০ |
| | | নির্যাতিত নরী ও শিশুকে আইনি সহায়তা প্রদান | {৩.২.১} আইনি সহায়তা প্রাপ্ত উপকারভোগী | সংখ্যা | ৪ | ৪৯ | ৫৩ | ৪০ | ৩৬ | ৩২ | ২৮ | ২৪ | ৪৫ | ৫০ |
| | | {৩.৩} বাল্য বিবাহ প্রতিরোধ | {৩.৩.১} বাল্য বিবাহের হার | % | ৩ | ৭০ | ৮০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৮০ | ৭০ |
| ৪.কিশোর-কিশোরীদের বিকাশ সাধনের মাধ্যমে তাদের মধ্যে জেন্ডার সমতা আনায়নে ইতিবাচক মনোভাব সৃষ্টিকরণ। | ১০ | উদ্বুদ্ধকরণ সভা | শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী | | ৫ | ১৭০০ | ১৮০০ | ২০০০ | ১৮০০ | ১৬৭০ | ১৪০০ | ১২০০ | ২০৫০ | ৩০০০ |
| | | দক্ষতা মূলক প্রশিক্ষণ | উপকারভোগী | | ৫ | ১৬০ | ২০০ | ৩০০ | ২৭০ | ২৪০ | ২১০ | ১৮০ | ৪০০ | ৪৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৮-১৯ | প্রকৃত অর্জন ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২০-২০২১ | | | | | প্রক্ষেপন ২০২১-২২ | প্রক্ষেপন ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ | | | | | | | | | | | | | | |
| {১} দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | {১.১} অর্থ বছরে খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | {১.১.১}নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়ে দাখিলকৃত | তারিখ | ৬ | | | | | | | | | |

আমি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া, গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উপপরিচালকের কার্যালয়ে দায়িত্বে নিয়জিত উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুষ্টিয়ার নিকট অঙ্গীকার করছি যে, চুক্তিতে বর্নিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুষ্টিয়া, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়ার নিকট অঙ্গীকার করছিযে, চুক্তিতে বর্নিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ-

---

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
কুমারখালী, কুষ্টিয়া।

---

উপপরিচালক,
মহিলা বিষয়ক অধিদপ্তর, কুষ্টিয়া।